

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
পার-১ অধিশাখা
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪২.০১২.০০.০০.০২৩.২০১৬-৪৩১

তারিখঃ ২৬.০৬.২০১৮ প্রিষ্ঠান্ত

**বিষয়ঃ বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির নিমিত্ত মন্ত্রণালয়ে প্রাপ্ত খসড়া
তালিকার ত্রুটি/বিচুতি/অসম্পূর্ণতা সংশোধন/সংযোজনের সময় বৃক্ষি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার/স্বাস্থ্য সার্ভিসের সহকারী অধ্যাপক পদে পদোন্নতির লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রাপ্ত তালিকা ওয়েব সাইটে (www.mohfw.gov.bd) প্রকাশ করা হয়েছে। প্রকাশিত তালিকায় উল্লিখিত তথ্যে কোনরূপ গড়মিল পরিলক্ষিত হলে বা কোন কর্মকর্তার নাম বাদ পড়লে সংশ্লিষ্ট কর্মকর্তাকে তা জরুরীভিত্তিতে স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করে সংশোধনের সময়সীমা আগামী ১৯/০৭/২০১৮ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। নির্ধারিত সময়ের পর এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তর অথবা মন্ত্রণালয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

উল্লেখ্য, সহকারী অধ্যাপক পদে পদোন্নতির জন্য সংশ্লিষ্ট বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ অন্যান্য শর্তের পাশাপাশি প্রযোজ্য ক্ষেত্রে চাকুরি নিয়মিতকরণ, চাকুরি স্থায়ীকরণ, সিনিয়র ক্ষেত্রে পরীক্ষায় উত্তীর্ণ এবং বিগত ০৫ (পাঁচ) বৎসরের (২০১২-২০১৬) এসিআর অত্যাবশ্যক।



(মইনডান্ডিন আহমদ)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৪

বিতরণঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। তাঁকে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত আপত্তিসমূহ নিস্পত্তি করে চূড়ান্ত তালিকা জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাঁকে তালিকাসহ বিজ্ঞপ্তি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
- ৭। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (তাঁকে পত্রিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করাসহ দেশের সকল সরকারী মেডিকেল কলেজ ও হাসপাতাল এর অধ্যক্ষ/পরিচালক, ইন্টিউটিউট প্রধান, বিভাগীয় পরিচালক, সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) বরাবরে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করে ব্যাপক প্রচার নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)